



## শাহজালালের মাজারে উপস্থিত হয়ে জিয়ারত করলেন প্রধানমন্ত্রী



সিলেটে পৌঁছেই হযরত শাহজালালের (র.) মাজার জিয়ারত করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি : সংগৃহীত

সিলেটে পৌঁছেই হযরত শাহজালাল (র.)-এর মাজার জিয়ারত করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সেখানে তিনি দেশ ও জাতির শান্তি, কল্যাণ ও অগ্রগতি কামনায় বিশেষ মোনাজাতে অংশ নেন।

শনিবার (২ মে) সকাল ৯টা ৫৮ মিনিটে তাকে বহনকারী বিমান সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। রাজধানীর গুলশান থেকে সড়কপথে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছে তিনি সকাল ৯টা ২০ মিনিটে সিলেটের উদ্দেশে রওনা হন।

বিমানবন্দরে পৌঁছে বিরূপ আবহাওয়া সত্ত্বেও তিনি সরাসরি বাসযোগে শহরের উদ্দেশে রওনা দেন এবং পরে মাজারে পৌঁছান। দিনভর কর্মসূচির অংশ হিসেবে সকাল সাড়ে ১০টার দিকে মাজার জিয়ারত শেষে তিনি সুরমা নদীর তীর সংরক্ষণ, বন্যা নিয়ন্ত্রণে স্লাইসগেট স্থাপন ও ওয়াকওয়ে নির্মাণ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন এবং সুধী সমাবেশে বক্তব্য দেন। পরে ধারাবাহিকভাবে বাংলাদেশ ওভারসিজ সেন্টার সিলেটের ভিত্তিপ্রস্তর স্থাপন, সদর উপজেলার কান্দিগাঁওয়ে বাসিয়া খাল খনন কর্মসূচির উদ্বোধন, বিকেলে সিলেট জেলা স্টেডিয়ামে ‘নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬’ উদ্বোধন এবং জেলা শিল্পকলা একাডেমিতে দলীয় বৈঠকে অংশ নেওয়ার কথা রয়েছে। দিনশেষে সন্ধ্যা ৭টায় ঢাকার উদ্দেশে সিলেট ত্যাগ করবেন প্রধানমন্ত্রী।